# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৩৫

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ (৯) কাফির ব্যক্তি ইসলাম গ্রহণ করলে গোসল করা প্রসঙ্গে - কাফির ব্যক্তি ইসলাম গ্রহণ করলে গোসল করা

9 ـ بَابُ غُسْلِ الْكَافِرِ إِذَا أَسْلَمَ (ذِكْرُ الْأَمْرِ بِالِاغْتِسَالِ لِلْكَافِرِ إِذَا أَسْلَمَ)

আরবী

1235 ـ أَخْبَرَنَا أَبُو عَرُوبَةَ قَالَ: حَدَّثَنَا سَلَمَةُ بْنُ شَبِيبٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ قَالَ: أَنْبَأَنَا عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ وَعُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ عَنْ سَعِيدٍ الْمَقْبُرِيِّ عَنْ أَبِي هُرَيْرَةَ: أَنَّ ثُمَامَةَ الْحَنَفِيَّ أُسِرَ فَكَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعُودُ إِلَيْهِ فَيَقُولُ: (مَا عِنْدَكَ يَا ثُمَامَةُ)؟ فَيَقُولُ: إِنْ تَقْتُلْ تَقْتُلْ ذَا دَمٍ وَإِنْ تَمُنَّ تَمُنَّ عَلَى شَاكِرٍ وَإِنْ تُرِدِ الْمَالَ تُعْطَ مَا شِئْتَ قَالَ: فَكَانَ أَصْحَابُ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُحِبُّونَ الْفِدَاءَ وَيَقُولُونَ: مَا نَصْنَعُ بِقَتْلِ هَذَا فَمَرَّ بِهِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمًا فَأَسْلَمَ فَبَعَثَ بِهِ إِلَى حَائِطِ أَبِي طَلْحَةَ فَأَمَرَهُ أَنْ يَغْتَسِلَ فَاغْتَسَلَ وَصَلَّى رَكْعَتَيْنِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لقد حَسُنَ إسلام صاحبكم)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1235 | خلاصة حكم المحدث: صحيح

বাংলা

১২৩৫. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “সুমামা বিন উসাল হানাফী যখন (মুসলিমদের হাতে) বন্দি হন, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার কাছে এসে বলেন, “সুমামা তোমার কী খবর?” তিনি জবাবে বলেন, “যদি আপনি হত্যা করেন, তবে আপনি এমন একজনকে হত্যা করবেন, যে অন্যকে হত্যা করেছে, যদি আপনি অনুগ্রহ করেন, তাহলে আপনি একজন কৃতজ্ঞ ব্যক্তির উপর অনুগ্রহ করবেন আর যদি আপনি সম্পদ চান, তবে আপনি যা চাইবেন তা প্রদান করা হবে।” রাবী বলেন, সাহাবীগণ এই সময় মুক্তিপণ নেওয়াকে বেশি পছন্দ করতেন এবং তারা বলতেন, “আমরা এই ব্যক্তিকে হত্যা করে কী করবো?” তারপর

একদিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার পাশ দিয়ে অতিক্রম করেন অতঃপর তিনি ইসলাম গ্রহণ করেন ফলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে আবূ তালহা রাদ্বিয়াল্লাহু আনহুর বাগানে প্রেরণ করেন এবং তাকে গোসল করার নির্দেশ দেন। ফলে তিনি গোসল করেন এবং দুই রাকা'আত সালাত আদায় করেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "নিশ্চয়ই তোমাদের সঙ্গীর ইসলাম সুন্দর হয়েছে অর্থাৎ তিনি উত্তম মুসলিম হয়েছেন।"[1]

## ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯৮৩৪; ইবনুল জারুদ, আল মুনতাকা: ১৫; সহীহ ইবনু খুযাইমাহ: ২৫৩; সুনান বাইহাকী: ১/১৭১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রাহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ১/১৬৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90549

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন